

আইসিটিবি সার্কুলার লেটার নং-০১/২০২৩

তারিখ : ২০-০৩-২০২৩

বিষয় : বাংলাদেশ নির্বাচন কমিশনের পোর্টাল হতে জাতীয় পরিচয়পত্র যাচাই ও সংরক্ষিত তথ্য-উপাত্তের সার্ভিস গ্রহণের  
বিল পরিশোধ প্রসংগে।

মানিলভারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও জালিয়াতি প্রতিরোধ এবং ব্যাংকিং খাতকে এ বিষয়ক ঝুঁকি হতে মুক্ত রাখার লক্ষ্যে ব্যাংকের নতুন গ্রাহক, বিদ্যমান গ্রাহক, Beneficiary এবং ওয়াক-ইন কাস্টমারদের KYC সম্পাদনে গ্রাহক কর্তৃক প্রদত্ত জাতীয় পরিচয়পত্রের সঠিকতা তাৎক্ষণিকভাবে নির্বাচন কমিশনের ডাটাবেইস হতে যাচাইয়ের জন্য পরিচালনা পর্ষদের ২১-০৬-২০১৭ তারিখে অনুষ্ঠিত ৪৫৬তম সভার সিদ্ধান্ত মোতাবেক গত ০৪-০৭-২০১৮ তারিখ হতে নির্বাচন কমিশনের পোর্টাল হতে জাতীয় পরিচয়পত্র যাচাই ও সংরক্ষিত তথ্য-উপাত্তের সার্ভিস গ্রহণের কার্যক্রম রাকাবের সকল শাখায় (৩৮৩টি) ও প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে পরিচালনা করা হচ্ছে।

০২। রাকাব, প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ কর্তৃক ০৩-১০-২০১৮ তারিখের অভ্যন্তরীণ পত্র নং প্রকা/কেহিবি-১/৫৭(১০)/২০১৮-২০১৯/২০০৭ মোতাবেক বাংলাদেশ নির্বাচন কমিশনের জাতীয় পরিচয়পত্র যাচাই ও সংরক্ষিত তথ্য-উপাত্তের সার্ভিস গ্রহণের মাসিক বিল ও নবায়ন চার্জ/ফি বিবিধ ব্যয় খাত (১৩৩/৩৬) (CBS Code: 90400000080) হতে পরিশোধ করার নির্দেশনা প্রদান করা হয়।

০৩। পরবর্তীতে বাজেটের সুসম বন্টন, অনুমোদন ও হিসাবায়নের সুবিধার্থে কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এর ২৮-০৮-২০২২ তারিখের অভ্যন্তরীণ পত্র নং প্রকা/কেহিবি-১/(০১)/২০২২-২০২৩/৩৭৭ এর নির্দেশনা মোতাবেক বাংলাদেশ নির্বাচন কমিশনের পোর্টাল হতে জাতীয় পরিচয়পত্র যাচাই ও সংরক্ষিত তথ্য-উপাত্তের সার্ভিস গ্রহণের মাসিক বিল ও নবায়ন চার্জ/ফি সংক্রান্ত খরচ NID Verification Expense (CBS Code: 90400000081) ব্যয় খাত হতে নির্বাহ করার বিষয়টি রাকাব, পরিচালনা পর্ষদের ১৯-০১-২০২৩ তারিখের ৫৫৭তম সভায় অনুমোদিত হয়।

০৪। পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ নির্বাচন কমিশনের পোর্টাল হতে জাতীয় পরিচয়পত্র যাচাই ও সংরক্ষিত তথ্য-উপাত্তের সার্ভিস গ্রহণের মাসিক বিল ও নবায়ন চার্জ/ফি সংক্রান্ত খরচ NID Verification Expense (CBS Code: 90400000081) ব্যয় খাত হতে নির্বাহ করতে হবে। উল্লেখ্য, সংশ্লিষ্ট ব্যয় আইসিটি বিভাগের জন্য বরাদ্দকৃত বাজেট হতে নির্বাহ করা হবে।

০৫। নির্বাচন কমিশনের সার্ভারে অহেতুক প্রবেশ করে অপ্রয়োজনীয়ভাবে ব্যাংকের খরচ বৃদ্ধি না করার জন্য শাখা/কার্যালয় সমূহকে নির্দেশনা প্রদান করা হলো। অপ্রয়োজনীয়ভাবে ব্যাংকের খরচ বৃদ্ধি করা হলে তার জন্য সংশ্লিষ্ট ইউজার আইডিধারী কর্মকর্তা ও শাখা ব্যবস্থাপককে ব্যক্তিগতভাবে দায়ী করা হবে।


০৬। প্রতিটি NID (Valid/Invalid) যাচাইয়ের পর তা নিম্নোক্ত ছক মোতাবেক রেজিস্টারে সংরক্ষণ করতে হবে:

NID যাচাই সংক্রান্ত তথ্য ছক

ক্রঃ নং	তারিখ	গ্রাহকের নাম	জন্ম তারিখ	NID নং	তথ্যের সঠিকতা	চার্জ আদায় টাঃ	যাচাইকারীর	
							নাম	স্বাক্ষর

০৭। প্রতিটি জোনের আওতাধীন সকল জোনাল নিরীক্ষা কার্যালয় কর্তৃক শাখা নিরীক্ষাকালে উপরোক্ত ছক মোতাবেক NID যাচাইয়ের তথ্য রেজিস্টারে যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে কিনা তা নিশ্চিত করতে হবে। এছাড়া রেজিস্টার অনুযায়ী NID verification service charges (GL 90300000238) আয় খাতে সঠিকভাবে হিসাবভুক্ত হচ্ছে কিনা তা নিশ্চিত করতে হবে।

০৮। এ সংক্রান্ত কারিগরি সহায়তা ও পরামর্শের জন্য আইসিটি বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগ করা যেতে পারে।

  
20/03/2023

(মোঃ আবুল কালাম)


উপ-মহাব্যবস্থাপক

প্রকা/আইসিটিবি-৯০/২০২২-২০২৩/৩১৭০(৪৬১)

তারিখ : ২০-০৩-২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৬। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান ও ইউনিট /সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৭। অধ্যক্ষ, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ০৮। চিফ এক্সিকিউটিভ অফিসার, রাকাব, এসএমই ফাইন্যান্সিং কোম্পানী লিমিটেড।
- ০৯। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১০। উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/এলপিও, রাজশাহী।
- ১১। উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/এলপিও, রাজশাহী।
- ১২। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৩। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৪। অফিস নথি/মহানথি।

  
20/03/2023

(মোঃ নাজবুল হক)

সিনিয়র মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (সমব্য)